

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।


"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ৩৮তম সভার রেকর্ড নোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ৩৮তম সভা ২০/০৫/২০২৫ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব আরিফ হোসেন খান এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থ জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নতুন যোগদানকারীদের পরিচিতি বিনিময়ের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত ৩৭তম সভার রেকর্ডনোটস উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করা হয়। তন্মধ্যে আমদানি বিলের দায় ব্যাংকের নিজ উৎস থেকে পরিশোধ করা হলেও তাত্ক্ষণিকভাবে গ্রাহকের নামে ফোসড ঋণ সৃষ্টি না করা বিষয়ক দফাটির ক্ষেত্রে বিআরপিডি প্রয়োজনীয় নির্দেশনাসহ যথাবিহিত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে মর্মে সিদ্ধান্ত জ্ঞাপিত হয়। এ প্রসঙ্গে বিআরপিডির প্রতিনিধি আলোচ্য বিষয়টি আলোচনার জন্য আসন্ন ব্যাংকার্স সভায় উত্থাপন করা হবে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় সহমত পোষন করে ব্যাংকার্স সভার সিদ্ধান্ত এফইপিডিকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।


এ পর্যায়ে ফোরামের ৩৭তম সভা হতে ৩৮তম সভা পর্যন্ত সময়কালে জারিকৃত বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ এবং উত্থাপিত অন্যান্য বিষয়সমূহের ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করা হয়। সূচী অনুযায়ী সভার বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০১.	Facultative Re-insurance এর ক্ষেত্রে বীমা কোম্পানি আইন-২০১৯, ধারা-১৭ ও GFET-2018, Vol-1, Chapter-18, Section-II, 14(i)-c লঙ্ঘন প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	বাংলাদেশ গেজেট মে ০৯, ২০১৯ এ প্রকাশিত বীমা কোম্পানি আইন-২০১৯, ধারা-১৭ অনুযায়ী, নন-লাইফ বীমা ব্যবসায়ের ক্ষেত্রে, পুনঃবীমা যোগ্য অংশের ৫০% সাধারণ বীমা কর্পোরেশন (SBC) এর নিকট করিতে হইবে এবং অবশিষ্ট ৫০% উক্ত কর্পোরেশন বা বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে অবস্থিত অন্য কোনো বীমাকারীর নিকট করা যাইবে। এক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, উক্ত নির্দেশনা এবং GFET-2018, Vol-1, Chapter-18, Section-II, 14 (i)-c এর নির্দেশনা লঙ্ঘন করে পুনঃবীমার ১০০% দেশের বাইরে সম্পাদনপূর্বক প্রিমিয়াম প্রেরণ করা হচ্ছে। এছাড়াও ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাষ্টমার সার্ভিসেস ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, পুনঃবীমার অর্থ বিদেশে নিয়ম বহির্ভূতভাবে প্রেরণের ঘটনাও পরিলক্ষিত হয়েছে। এ পরিস্থিতিতে, বীমা কোম্পানি আইন- ২০১৯, ধারা-১৭ ও GFET-2018, Vol-1, Chapter-18, Section-II, 14 (i)-c এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন না করার ফলে দেশের বিপুল বৈদেশিক মুদ্রা খরচ হচ্ছে বিধায় সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে পুনঃবীমা সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন। উহার কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা নিবে মর্মে সভাপতি সতর্ক করেন।	সকল ব্যাংক




ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০২.	ডুল Purpose Code এ রিপোর্ট করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, ব্যাংকসমূহ Online Inward Remittance Monitoring System (OIRMS) এবং Online TM Form Monitoring System (OTFMS) এ ডুল Purpose Code এ রিপোর্ট করে যা এফইওডি সার্কুলার নং-০৩, তারিখঃ ৩১/০৭/২০২৪ এর নির্দেশনার লক্ষ্যন। ডুল Purpose Code এ রিপোর্ট করার ফলে জাহাজ রি-এক্সপোর্টসহ বিভিন্ন ক্ষেত্রে সরকার যথাযথ রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। এ পরিস্থিতিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে এফইওডি সার্কুলার নং-০৩, তারিখঃ ৩১/০৭/২০২৪ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক সঠিক Purpose Code এ রিপোর্ট করার নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৩.	ড্যাশবোর্ডে বিলম্বে রিপোর্ট করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	এফইওডি সার্কুলার নং-০৩, তারিখঃ ৩১/০৭/২০২৪ এর নির্দেশনা মোতাবেক বৈদেশিক মুদ্রায় যে কোন মূল্য পরিশোধ এবং প্রাপ্তির ০৮ কর্মঘণ্টার মধ্যে ড্যাশবোর্ডে রিপোর্ট করার বাধ্যবাধকতা রয়েছে। ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, ব্যাংকসমূহ কিছু ক্ষেত্রে ০৫ দিন থেকে ৩০ দিন পরও রিপোর্ট করে যা উক্ত সার্কুলারের সুস্পষ্ট লক্ষ্যন। এ পরিস্থিতিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে এফইওডি সার্কুলার নং-০৩, তারিখঃ ৩১/০৭/২০২৪ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক ড্যাশবোর্ডে যথাসময়ে রিপোর্ট করার নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৪.	সার্ভিস এলসির পেমেন্ট OTFMS এ রিপোর্ট না করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, এডি ব্যাংকসমূহ কর্তৃক সার্ভিস এলসির পেমেন্ট Online TM Form Monitoring System (OTFMS) এ রিপোর্ট করার বাধ্যবাধকতা রয়েছে। ব্যাংকসমূহ সার্ভিস এলসির পেমেন্ট সম্পাদনে আউটওয়ার্ড রেমিট্যান্স করলেও তা সকল ক্ষেত্রে রিপোর্ট করে না এবং অধিকাংশ ক্ষেত্রে সঠিকভাবে তথ্য সংরক্ষণ করে না। এ পরিস্থিতিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে সার্ভিস এলসির পেমেন্ট OTFMS পোর্টালে যথাযথভাবে রিপোর্ট করার নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৫.	Fake documents submission প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, এডি ব্যাংক সমূহ কর্তৃক documents এর সঠিকতা যাচাইকরতঃ দাখিল করার বিধান রয়েছে। তবে, অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় এডি ব্যাংক সমূহ কর্তৃক documents সঠিক ভাবে যাচাই না করে বাংলাদেশ ব্যাংকে দাখিল করে। সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে documents এর সঠিকতা যাচাইকরতঃ বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০৬.	মানিচেন্জিং প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের আবেদনপত্র সঠিক সময়ে দাখিল করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	GFET-2018, Vol-1, Chapter-02, Section-II, Para 11 অনুসারে লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ০২ (দুই) মাস পূর্বে নবায়ন আবেদন দাখিলের নির্দেশনা রয়েছে। ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, অধিকাংশ ক্ষেত্রে মানিচেন্জিং প্রতিষ্ঠান ও তাদের এডি ব্যাংক কর্তৃক উক্ত নির্দেশনা পরিপালন করা হয় না। এ পরিস্থিতিতে, মানিচেন্জিং প্রতিষ্ঠান কর্তৃক লাইসেন্স নবায়নের আবেদনপত্র তাদের এডি ব্যাংকের মাধ্যমে সঠিক সময়ে দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট এডি ব্যাংককে যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা প্রয়োজন মর্মে এফইওডি সভায় প্রস্তাব করে। এপ্রেক্ষিতে সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে মানিচেন্জিং প্রতিষ্ঠান এর লাইসেন্স নবায়নের প্রক্রিয়া যথাযথভাবে তদারকি করা ও যথাসময়ে আবেদনপত্র প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৭.	এফই সার্কুলার পত্র নং- ৩৫, তারিখঃ ৩০/০৯/২০২০ এর নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, ব্যাংকসমূহ কর্তৃক প্রায়শই বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পত্রে স্বাক্ষরকারী কর্মকর্তাগণ ফোন নম্বর, ইমেইল আইডি উল্লেখ করে না, ফলে কেইস এর বিষয়ে যোগাযোগ সম্ভব হয় না। উল্লেখ্য, এফই সার্কুলার পত্র নং-৩৫, তারিখঃ ৩০/০৯/২০২০ এ আলোচ্য বিষয়ে পরিপালনীয় সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিস্থিতিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে এফই সার্কুলার পত্র নং-৩৫, তারিখঃ ৩০/০৯/২০২০ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনপূর্বক বাংলাদেশ ব্যাংকে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৮.	বাংলাদেশে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী ফ্রেইট ফরওয়ার্ডার সমূহের বিবরণী দাখিল করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, ফ্রেইট ফরওয়ার্ডার এসোসিয়েশন (বাফা) এর ওয়েবসাইট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বাংলাদেশে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনাকারী নিবন্ধিত ফ্রেইট ফরওয়ার্ডার এর সংখ্যা ১১৭৩ টি। আলোচ্য ১১৭৩ টি ফ্রেইট ফরওয়ার্ডার এর মধ্যে ৬০১ টির FC একাউন্ট রয়েছে। তন্মধ্যে এডি ব্যাংকসমূহ কর্তৃক ৩২৩ টি ফ্রেইট ফরওয়ার্ডারসমূহের লেনদেনের বিবরণী দাখিল করা হয় এবং অবশিষ্ট ২৭৮ টির FC একাউন্ট থাকা সত্ত্বেও এতদসংক্রান্ত বিবরণী অত্র বিভাগে দাখিল করা হয় না যা GFET-2018, Chapter 17, Section-III এর সুস্পষ্ট লঙ্ঘন। উল্লেখ্য, GFET এর নির্দেশনা অনুযায়ী ফ্রেইট ফরওয়ার্ডারদের বিবরণী দাখিল বাধ্যতামূলক। এতদপ্রেক্ষিতে সকল অনুমোদিত ডিলার ব্যাংকের সাথে কার্যরত ফ্রেইট ফরওয়ার্ডার বিবরণী দাখিলে যাতে সচেষ্ট থাকে সে বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে GFET-2018, Chapter 17, Section-III এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৯.	বিল অব এন্ট্রি ওভারডিউ থাকা অবস্থায় এলসি/কন্ট্রাষ্ট স্থাপন	এফইওডি, বাংলাদেশ ব্যাংক,	GFET-2018, Vol-1, Chapter-7, Para-31(c) ধারায় বর্ণিত নির্দেশনা অনুযায়ী বিল অব এন্ট্রি ওভারডিউ থাকা অবস্থায় বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ব্যতীত নতুন এলসি স্থাপনের সুযোগ নেই। এফই	সকল ব্যাংক



ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
	প্রসঙ্গে।	প্রঃকাঃ।	সার্কুলার নং-৭, তারিখ ৩০/০১/২০২০ অনুযায়ী Advance Payment and/or Imports under sales contract without LCs এর ক্ষেত্রেও একই বিধান ধার্য করা হয়েছে। বিল অব এন্ট্রি ওভারডিউ থাকা অবস্থায় LC Amendment এর বিষয়েও একই বিধান প্রযোজ্য। এক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, একই ব্যবসায়িক প্রতিষ্ঠানের Commercial এবং Industrial উভয় ধরনের IRC থাকতে পারে। প্রতিষ্ঠানটি ভিন্ন ভিন্ন IRC এর মাধ্যমে পৃথক ব্যাংকে এলসি/কন্ট্রাক্টের মাধ্যমে আমদানি দায় তৈরি করতে পারে। এক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট কর্তৃক ইতোপূর্বে ১২/১০/২০২১ তারিখের এফইওডি/ইমপোর্ট ট্রেড/০৫/২০২১-৩৭৪০ নং পত্রের মাধ্যমে গ্রাহক-কে আমদানি সুবিধা প্রদানের পূর্বে Online Import Monitoring System (OIMS)-এ “Importer Wise Import Overdue” ট্যাব হতে IRC নাম্বার ও নাম দিয়ে Search করে বিল অব এন্ট্রি ওভারডিউ বিষয়ক তথ্য যাচাই এর নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদসত্ত্বেও সাম্প্রতিক সময়ে বিল অব এন্ট্রি ওভারডিউ থাকা অবস্থায় এলসি/কন্ট্রাক্ট স্থাপনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায়, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে GFET-2018, Vol-1, Chapter-7, Para-31(c) ধারায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করেন।	
১০.	মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) পরিশোধ প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হয় যে, ১৩/০৪/২০২৫ তারিখের এফইওডি সার্কুলার পত্র নং-০১/২০২৫ এর মাধ্যমে মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিল (স্থানীয় ও বৈদেশিক) পরিশোধ প্রক্রিয়া অরাস্থিতকরণে নির্দিষ্ট সংখ্যক নির্দেশনা প্রদান করা হয়েছে। তন্মধ্যে (১) মেয়াদোত্তীর্ণ স্বীকৃত বিলসমূহ বিস্তারিত পর্যালোচনা, (২) সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ, (৩) শাখাভিত্তিক পারফরমেন্স মূল্যায়ন, (৪) বিশেষ পরিবীক্ষণ ব্যবস্থা চালুকরণ, (৫) এডি শাখায় দাখিলকৃত সকল বিল, প্রদত্ত ডিসক্রিপশি ও বিলমূল্য পরিশোধের তথ্য সংরক্ষণ এবং (৬) মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে রিপোর্ট প্রেরণ করা ইত্যাদি নির্দেশনা অন্তর্ভুক্ত রয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, যথাসময়ে আমদানি বিলের বকেয়া পরিশোধ না করায় বাংলাদেশি ব্যাংকের কনফার্মেশন চার্জ বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, সভাপতি এডি ব্যাংকসমূহকে যথাসময়ে স্বীকৃত বিল (বৈদেশিক বা স্থানীয়) এর মূল্য পরিশোধ করার নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি, উল্লিখিত সার্কুলার পত্রে বর্ণিত নির্দেশনা পরিপালনপূর্বক এডি ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত ব্যবস্থা এবং অগ্রগতি নিয়মিত প্রেরণের করার পরামর্শ প্রদান করেন।	সকল ব্যাংক
১১.	মেয়াদোত্তীর্ণ রপ্তানিমূল্য প্রত্যাবাসন তদারকি জোরদারকরণ প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।	ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এর ০৬/০৯/২০২২ তারিখের সূত্র নং-এফইওডি/এক্সপোর্ট ট্রেড/০৮/২০২২-৩৬৩৭ এর মাধ্যমে মেয়াদোত্তীর্ণ রপ্তানিমূল্য প্রত্যাবাসন/নিষ্পত্তিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ ও তদারকির	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			নিম্নোক্ত একজন উপব্যবস্থাপনা পরিচালক কিংবা তদূর্ণ কমকর্তার নেতৃত্বে স্ব স্ব ব্যাংকে কমিটি গঠন এবং কমিটি কর্তৃক মেয়াদোত্তীর্ণ রপ্তানি মূল্য প্রত্যাবাসন ও মামলা নিষ্পত্তির অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে এফইওডি আরোও উল্লেখ করে যে, প্রত্যাবাসিত রপ্তানিমূল্য উক্ত রপ্তানির ব্যাক টু ব্যাক আমদানি (স্বীকৃত) বিল মেয়াদোত্তীর্ণ রেখে অন্য আমদানি বিলের পেমেন্ট করা হচ্ছে। এমতাবস্থায়, সভাপতি যথানিয়মে ব্যাক টু ব্যাক আমদানি (স্বীকৃত) বিলের মূল্য পরিশোধ এবং ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এর ০৬/০৯/২০২২ তারিখের সূত্র নং-এফইওডি/এক্সপোর্ট ট্রেড/০৮/২০২২-৩৬৩৭ এর প্রদত্ত নির্দেশনা পরিপালনে সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে পরামর্শ প্রদান করেন।	
১৩.	অফশোর ব্যাংকিং এর মাধ্যমে ওপেন একাউন্ট ট্রানজ্যাকশন (ডাইরেক্ট ইমপোর্ট) এর ক্ষেত্রে GFET/ Guideline for Offshore Banking তে সুনির্দিষ্ট গাইডলাইন না থাকা প্রসংগে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	অফশোর ব্যাংকিং ইউনিটে ব্যাংক কর্তৃক নিয়মিতভাবে ওপেন একাউন্ট ট্রানজ্যাকশন সম্পাদন হয়। কিন্তু GFET/Guideline for Offshore Banking Business (Fe Circular No 11 dated January 30, 2025) তে এ বিষয়ে পরিষ্কার কোন গাইডলাইন নাই উল্লেখ করে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক পিএলসির প্রতিনিধি সভাকে জানান যে, এ কারনে এই ধরনের ট্রানজ্যাকশন করার ক্ষেত্রে বিভিন্ন ব্যাংকের মধ্যে ভিন্নতা লক্ষ্য করা যায়। বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের আমদানি নীতি শাখা থেকে বলা হয় যে, এই ধরনের ট্রানজ্যাকশনের আগে সেলসকন্ট্রাস্ট/পারচেজকন্ট্রাস্ট pre- registration এর আবশ্যকতা রয়েছে। এমতাবস্থায়, বিশেষায়িত অঞ্চলের আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধানসহ অনুসৃত চর্চা অব্যাহত থাকবে মর্মে এফইপিডি সভায় প্রস্তাব করলে সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে তা অনুসরণের নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
১৪.	FOC-এর অধীনে আমদানির জন্য ব্যাংকগুলি দ্বারা জারি করা FOC সার্টিফিকেটের মানসম্মত করণ প্রসংগে	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আমদানি নীতিমালা অনুসারে FOC আইটেম আমদানির সুবিধা গ্রহণ এর বিষয়ে উল্লেখ করে সভাকে অবহিত করেন যে, বর্তমান অনুশীলন অনুসারে আমদানিকারক ব্যাংক থেকে FOC সার্টিফিকেট গ্রহণ করে। বিভিন্ন ব্যাংক দ্বারা এই ধরনের সার্টিফিকেট সহজে প্রদানের জন্য BB-OIMS-এ একটি সাব মডিউল চালু করার অনুরোধ জানানো হয়। ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এর পক্ষ থেকে সভায় জানানো হয় যে, BB-OIMS আধুনিকীকরণের কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া এবং এতে কাস্টমসসহ সরকারের বিভিন্ন পক্ষের সমন্বয়ে FOC সংশ্লিষ্ট বিষয়সহ নানাবিধ আপগ্রেডেশনের কার্যক্রম ইতিমধ্যে আরম্ভ হয়েছে। আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এফইওডি কর্তৃক বাংলাদেশ ব্যাংকের আইসিটি ডিপার্টমেন্টের সহায়তায় প্রস্তাবনাটি বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রকৃষ্ণ।




ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
১৫.	আইএমপি ফর্মের আধুনিকীকরণ প্রসংগে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	GFET অধ্যায় ৭ এর অনুষ্টেদ ২৮ অনুসারে এডি ব্যাংকসমূহ IMP ফর্ম ও উহার তথ্য সংগ্রহ করে থাকে মর্মে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন। তিনি আরোও জানান যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক IMP সম্পর্কিত রিপোর্টিং ইতিমধ্যেই ডিজিটলাইজড করা হলেও কোন কোন ব্যাংকের কাছে IMP প্রক্রিয়াকরণ এখনও একটি পুরানো ম্যানুয়াল প্রক্রিয়া হিসাবে রয়ে গেছে। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, ট্রেড ট্রানজেকশন অনেকটাই অনলাইন ভিত্তিক হলেও এখনও এ বিষয়ক সিস্টেম হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। আইএমপি ফর্ম অটোমেশনের বিষয় কার্য তালিকায় রয়েছে। তবে, স্থানীয় ব্যাংক টু ব্যাংক ঋণপত্র স্থাপন থেকে পরিশোধ প্রদান পর্যন্ত ড্যাশবোর্ডের মাধ্যমে সম্পাদনের কাজ হাতে নেয়া হয়েছে। আলোচ্য কার্যক্রম সম্পাদনান্তে আইএমপি ফর্ম অটোমেশনের বিষয় বিবেচনা করা হবে।	আমদানি নীতি শাখা, ডিভিশন-১, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রণালী।
১৬.	নগদ সহায়তা আবেদন পত্রে নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহারের বিষয়ে সিভিল অডিট অধিদপ্তরের পর্যবেক্ষণ সম্পর্কিত দিকনির্দেশনা প্রসংগে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, নগদ সহায়তার প্রতিটি আবেদনপত্রে আবেদনকারী নির্ধারিত পন্থায় অঙ্গীকার প্রদান করে থাকে কিন্তু সম্প্রতি সিভিল অডিট অধিদপ্তর Stamp Act, 1899 অনুসারে স্ট্যাম্পবিহীন অঙ্গীকারনামাকে বিধিসম্মত নয় হিসেবে চিহ্নিত করে আপত্তি তুলেছে। এ বিষয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধ বিষয়ে এফই সার্কুলার জারি করা হয়ে থাকে। নন-জুডিশিয়াল স্ট্যাম্পের প্রযোজ্যতার বিষয়ে মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হবে। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নির্দেশনা সার্কুলার আকারে জারি করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	রপ্তানি নীতি শাখা, ডিভিশন-১, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রণালী।
১৭.	আমদানি ঋণপত্রের বিপরীতে গ্রহণকৃত বিল পরিশোধ বিলম্ব সংক্রান্ত	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি বিভিন্ন AD ব্যাংক আমদানি ঋণপত্রের বিপরীতে স্বীকৃত বিলের মূল্য পরিশোধে বিলম্ব করছে উল্লেখ করে সভাকে অবহিত করেন যে, বিলসমূহ Overdue অবস্থায় থেকে যাচ্ছে ফলে গ্রাহকের ব্যবসা পরিচালনা ও নতুন ঋণ সুবিধা গ্রহণ প্রক্রিয়া বিঘ্নিত হচ্ছে। আলোচ্য বিষয়ে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বীকৃত (স্থানীয় কিংবা বিদেশী) বিলের মূল্য পরিশোধ সূচী অনুযায়ী পরিশোধ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
১৮.	ব্যাংকারদের পেশাদার সার্টিফিকেশন এর জন্য দেশের বাহিরে রেমিটেন্স প্রেরণ প্রসঙ্গে।	ব্র্যাক ব্যাংক	ব্র্যাক ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জিএফইটি ২০১৮ অধ্যায় ১১ অনুষ্টেদ ৯ অনুসারে, বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বিদেশী প্রফেশনাল বা বৈজ্ঞানিক প্রতিষ্ঠানের সদস্য পদ ফি এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন, নিবন্ধন, ভর্তি বা পরীক্ষার ফি ব্যক্তি ও কর্পোরেট উভয়ের জন্য প্রেরণের অনুমতি থাকলেও ব্যাংকাররা তাদের পেশাগত জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির জন্য সিডিসিএস, ক্যামস, মুডি ক্রেডিট সার্টিফিকেশন ইত্যাদির মতো বিভিন্ন পেশাদার সার্টিফিকেশন গ্রহণের নিমিত্ত অর্থ প্রদানের বিষয়ে কোনও স্পষ্ট নির্দেশনা নেই। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, কারেসপন্ডেন্ট/ডিসটেন্ট লার্নিং পদ্ধতিতে পেশাগত শিক্ষার বিপরীতে ফি পরিশোধের প্রাধিকার ইতিমধ্যে	রেমিট্যান্স নীতি শাখা, ডিভিশন-১, এফইপিডি কর্তৃক বাস্তবায়িত

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			এফই সার্কুলার নং ১৯/২০২৫ এর মাধ্যমে জারি করা হয়েছে। আলোচ্য সার্কুলার অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট ফি বিদেশে প্রেরণ করতে পারবে।	
১৯.	এ (A) লেভেল সম্পন্ন না করে স্টুডেন্ট ফাইল খুলতে পারা প্রসঙ্গে।	ব্র্যাক ব্যাংক	ব্র্যাক ব্যাংকের প্রতিনিধি জিএফইটি ২০১৮ অধ্যায় ১১ অনুচ্ছেদ ১০ অনুসারে স্নাতক, স্নাতকোত্তরের মতো নিয়মিত কোর্সের জন্য শিক্ষার্থীদের ফাইল খোলা এবং রেমিটেন্স প্রেরণের অনুমতি রয়েছে উল্লেখ করে সভাকে অবহিত করেন যে, এই ধরনের ক্ষেত্রে এডি ব্যাংক স্কুল অথবা ও (O) লেভেল এবং কলেজ অথবা এ (A) লেভেল সম্পন্ন করার সার্টিফিকেট গ্রহণ করে ফাইল খুলে। তবে, সাম্প্রতিক সময়ে অনেক আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান এ (A) লেভেল এর এ২ (A2) সম্পন্ন করার আগেই শিক্ষার্থীদের জন্য স্নাতক কোর্সের অফার লেটার প্রদান করে এবং রেমিটেন্স প্রেরণের অনুরোধ করে। এফইওডি এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, এ জাতীয় বিষয় বাংলাদেশ ব্যাংক কর্তৃক কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করা হয়, যা অব্যাহত থাকবে।	সকল ব্যাংক
২০.	বাংলাদেশী দ্বৈত নাগরিক/দ্বৈত পাসপোর্ট ধারীদের নিয়মিত কোর্সের জন্য শিক্ষার্থী ফাইল খুলতে পারা প্রসঙ্গে	ব্র্যাক ব্যাংক	ব্র্যাক ব্যাংকের প্রতিনিধি জিএফইটি অধ্যায় ১১ অনুচ্ছেদ ১০ অনুসারে বাংলাদেশী নাগরিক শিক্ষার্থীরা বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই নিয়মিত কোর্সের জন্য শিক্ষার্থী ফাইল খুলতে এবং সংশ্লিষ্ট বিদেশী প্রতিষ্ঠানে রেমিটেন্স পাঠাতে পারে উল্লেখ করে সভাকে অবহিত করেন যে, যদি কোনও বাংলাদেশী নাগরিকের অন্য কোনও দেশের নাগরিকত্ব থাকে (দ্বৈতনাগরিকত্ব/দ্বৈতপাসপোর্টধারী), তাহলে এডি ব্যাংকগুলো নিয়মিত কোর্সের জন্য শিক্ষার্থী ফাইল খুলতে এবং রেমিটেন্স প্রেরণ করতে পারবে কিনা এই ব্যাপারে দিক নির্দেশনা প্রার্থনা করেন। আলোচনায় অংশ নিয়ে এফইওডি'র পক্ষ থেকে বলা হয় যে, এ জাতীয় বিষয় বাংলাদেশ ব্যাংক কর্তৃক কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করা হয়, যা অব্যাহত থাকবে।	সকল ব্যাংক
২১.	অনলাইন এ প্রশিক্ষণ এর জন্য অর্থ প্রেরণ প্রসঙ্গে।	ব্র্যাক ব্যাংক	ব্র্যাক ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জিএফইটি ২০১৮ অধ্যায় ১১ অনুচ্ছেদ ১৪ অনুসারে, বিদেশে প্রশিক্ষণ, সেমিনার বা কর্মশালায় অংশগ্রহণের জন্য নিবন্ধন/অংশগ্রহণ ফি বাবদ রেমিটেন্স পাঠানোর অনুমতি রয়েছে। তবে, বর্তমান গাইডলাইন অনুযায়ী অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হলে এই ধরনের ফি পাঠানোর জন্য প্রতিটি ক্ষেত্রে এডিদের কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন নিতে হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, জিএফইটি'র ১১তম অধ্যায়ের ১৪ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অন-লাইন ট্রেনিং এর জন্য প্রযোজ্য নয়। তবে বেসরকারি শিল্প প্রতিষ্ঠান এফই সার্কুলার নং ০১/২০২১ এর আওতায় চলতিখাতের ব্যয় হিসেবে অনলাইন ট্রেনিং বাবদ অর্থ সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে বিদেশে প্রেরণ করতে পারেন।	সকল ব্যাংক
২২.	বায়িং হাউস কর্তৃক রপ্তানি চুক্তি Transfer প্রসঙ্গে।	ঢাকা ব্যাংক	ঢাকা ব্যাংকের প্রতিনিধি আন্তর্জাতিক বাণিজ্যের ক্রমবর্ধমান প্রতিযোগিতামূলক পরিবেশে ব্যবসায়িক ধারাবাহিকতা এবং বাজার	

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশে ও ট্রান্সফারেবল কন্ট্রাক্ট এর মাধ্যমে রপ্তানি বাণিজ্য চলমান রয়েছে উল্লেখ করে সভাকে অবহিত করেন যে, বায়িং হাউস প্রিন্সিপালের কাছে থেকে প্রাপ্ত রপ্তানি চুক্তি এক বা একাধিক সেকেন্ড বেনিফিশিয়ারির এর নিকট স্থানান্তর করে এবং বেনিফিশিয়ারি ডকুমেন্ট ক্রেতার ব্যাংকে প্রেরণ করে থাকে। এক্সপোর্ট এলসি ট্রান্সফারের ক্ষেত্রে ইউসিপি-৬০০ এ সুনির্দিষ্ট নির্দেশনা থাকলেও এক্সপোর্ট কন্ট্রাক্ট ট্রান্সফারে URC-522 তে কোন নির্দেশনা না থাকায় আলোচ্য বিষয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, চুক্তির আওতায় বাণিজ্যিক কার্যক্রম আমদানিকারক ও রপ্তানিকারকের দ্বিপাক্ষিক বিষয়। বায়িং হাউজের মাধ্যমে হস্তান্তরিত চুক্তির আওতায় রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঝুঁকি বিবেচনায় নিয়ে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে অবহিত করতঃ প্রয়োজনীয় Due diligence পরিপালন করা আবশ্যিক। রপ্তানিকারকের নিকট থেকে প্রাপ্ত রপ্তানি বিল Substitution করণের ক্ষেত্রেও যথাযথ ব্যবস্থা নিতে হবে। বায়িং হাউজের নামে অগ্রিম প্রাপ্ত রপ্তানি মূল্য সার্কুলার পত্র নং ১৮/২০২২ অনুযায়ী ব্যাংকের মার্জিন হিসাবে সংরক্ষণ করা যাবে। সংরক্ষিত অর্থের মধ্যে রপ্তানিকারকের অংশ রপ্তানিমূল্য বাবদ রপ্তানিকারকের ব্যাংকে বৈদেশিক মুদ্রায় স্থানান্তর করতে হবে।	সকল ব্যাংক
২৩.	Bill-of-Export এর তথ্য ASYCUDA হতে BB OEMS এ স্বয়ংক্রিয়ভাবে আপলোড প্রসঙ্গে।	ঢাকা ব্যাংক	ঢাকা ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চট্টগ্রাম কাস্টম হাউসের মাধ্যমে রপ্তানি চুক্তির আওতায় ইস্যুকৃত EXP-এর ক্ষেত্রে Bill of Export এর তথ্য OEMS এ স্বয়ংক্রিয় আপলোড হয় না। ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এর পক্ষ থেকে সভায় জানানো হয় যে, Bill of Export এর তথ্য OEMS এ স্বয়ংক্রিয় আপলোড হওয়ার প্রক্রিয়া সংক্রান্ত কার্যক্রম বাংলাদেশ ব্যাংক ও কাস্টমসের সমন্বয়ে ইতিমধ্যে আরম্ভ হয়েছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।

পরিশেষে সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (আরিফ হোসেন খান)
 আহবায়ক, বিবি-এডি ফোরাম
 ও
 নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক